

কলেজগুলোয় ওয়েবসাইট, আইটি কোর্স ও ভিডিও কনফারেন্সিং চালুর সিদ্ধান্ত

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজে ওয়েবসাইট চালু, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে আইসিটি কোর্স প্রবর্তন, ভিডিও কনফারেন্সিং পদ্ধতি চালু, ছাত্র-শিক্ষকদের তথ্য প্রযুক্তির ওপর প্রশিক্ষণ দান, ই-লাইব্রেরি প্রবর্তন এবং আস্তকলেজ আইসিটি প্রতিযোগিতা চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জাইস চ্যাপেলর প্রফেসর ড. কাজী শহীদুল্লাহর সভাপতিত্বে সোমবার গাজীপুরে অনুষ্ঠিত সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতি বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটির প্রথম সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় কমিটির সদস্য প্রো-ভাইস চ্যাপেলর প্রফেসর ড. এম আবু সাঈদ

খান, প্রফেসর ড. তোফায়েল আহমদ চৌধুরী ও টেজারার অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বক্তব্য রাখেন। সভায় জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতি বাস্তবায়নের লক্ষ্যে একটি 'বর্সিউ' কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। সভায় জানানো হয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেশের তৃতীয় সর্বোচ্চ ব্যবহৃত ওয়েব এড্রেস। চলতি বছরের প্রথম পাঁচ মাসে এক কোটি পাঁচ লাখ ইন্টারনেট ব্যবহারকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ভিজিট করেছেন। এছাড়া মোবাইল এসএমএসের মাধ্যমে ২০০৮ ও ২০০৯ সালে ২৫ লাখ শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের তথ্য সংগ্রহ করেছেন।

সভায় ভাইস চ্যাপেলর প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান ডিনটি ওয়েবসাইট আরো তথ্যবহুল ও সহজ ব্যবহারযোগ্য করে তুলতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন এবং সভায় উত্থাপিত কর্মপরিকল্পনা আরো যোগাযোগী করার পরামর্শ দেন। ডিশন-২০২১ এর ডিজিটাল বাংলাদেশ গড়তে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতি বাস্তবায়নের লক্ষ্যে সরকার জাতীয় বিশ্ববিদ্যালয়কে কিছু দিকনির্দেশনা দিয়েছেন। এ নির্দেশনাবলী বাস্তবায়নে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভাইস চ্যাপেলর প্রফেসর ড. কাজী শহীদুল্লাহর নেতৃত্বে উচ্চক্ষমতাসম্পন্ন একটি কমিটি গঠন করেছে। বিজ্ঞপ্তি